দৈনিক ইনকিলাব

তারিখ ...... 2 FEB 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

# ইসলামী বইমেলা আজ শুরু

**শামসুল ইসলাম** : অমর একুশে ফেব্রুয়ারী ও পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে দু'মাসব্যাপী, ইসলামী বইমেলা বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর চত্বরে আজ সোমবার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। ধর্ম প্রতিমন্ত্রী এডভোকেট শাহজাহান মিয়া ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত দু'মাসব্যাপী এ ইসলামী বইমেলা বেলা দু'টায় উদ্বোধন করবেন। গতকাল রোববার থেকেই ইসলামী বইমেলা উদ্বোধনের কথা থাকলেও বিশ্বইজতেমার জন্য বইমেলার উদ্বোধন একদিন পিছিয়ে দেয়া হয়। ইসলামী বইমেলায় ৫৪টি স্টল স্থান পেয়েছে। প্রত্যেক স্টল ভাড়া নির্ধারণ করা হয়েছে ১০ হাজার টাকা। ইসলামিক ফাউন্ডেশনের প্রেস শ্রমিক ইউনিয়নসহ দু'টি শ্রমিক ইউনিয়নকে বিনা ভাড়ায় স্টল বরাদ্দ দেয়া হয়েছে। ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব স্টলেও গতকাল বই তুলতে দেখা যায়। ইসলামী বইমেলার স্টল নির্মাণের কাজ গতকালও পুরোপুরি সম্পন্ন হয়নি। গত শনিবার হাতেগোনা ক'টি স্টলে ইসলামী বই বিক্রি শুরু হয়েছে। একুশে ফেব্রুয়ারী উপলক্ষে বাংলা একাডেমীর বইমেলা সম্পর্কে যে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হচ্ছে সেই তুলনায় ইসলামিক ফাউন্ডেশনের ইসলামী বইমেলার প্রচার নেই বললেই চলে। ইসলামী বইমেলা কমিটির সভাপতি আবদুর রব ইনকিলাবকে জানান, ইসলামী বইমেলায় স্টল বরাদ্দপ্রাপ্ত অধিকাংশ পুস্তক প্রকাশনীই টঙ্গীস্থ বিশ্বইজতেমায় দোকান চালু করে বই বিক্রিতে অংশ নিচ্ছে। সে ক্ষেত্রে ইসলামী বইমেলা দু'এক দিন পিছিয়ে দেয়ার অনুরোধ জানিয়েছে তারা। ইসলামী বইমেলার বাংলাদেশ তাজ কোম্পানীর স্টল ম্যানেজার আব্দুল আজিজ ইনকিলাবকে জানান, এবার বইমেলাকে আকর্ষণীয় করে তোলার জন্য অনেকেই নতুন বই তুলবে। বাংলাদেশ তাজ কোম্পানীর স্টলেও দু'টি নতুন ইসলামী বই স্থান পেয়েছে। এ দু'টি বই হচ্ছে পশুপাখি সম্পর্কিত বিষয়াদির বিশ্বকোষ 'হায়াতুল হায়াওয়ান' (১ম' ২য় ও ৩য় খণ্ড) ও মাকতুবাতে সদী (১ম ও ২য় খণ্ড)। দারুল ইবতিকার স্টলে 'ইসলামের পঞ্চ স্তম্ভ' এবং মাকতাবাতুল আখতার নামক স্টলে হালাল-হারাম ও সাহিত্যের ক্লাস নামক দু'টি ইসলামী বই স্থান পেয়েছে। ইফার বইমেলার স্টল মালিকরা ইসলামী বইমেলাকে আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্য ইফার ডিজির আশু হস্তক্ষেপ কামনা করেছে। তারা ইসলামী বইমেলা চত্বর থেকে কার পার্কিং অন্যত্র সরিয়ে নেয়ার দাবী জানিয়েছে।